



রাষ্ট্রপতি বাকুবিতে আসছেন আজ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের
চ্যান্সেলর রাষ্ট্রপতি এ. কিউ. এম.
বদরুদ্দোজা চৌধুরী আজ এ বিশ্ববিদ্যালয়ে
আসছেন। বিশ্ববিদ্যালয়ের রিসার্চ
সিস্টেমের (বাউরেস) বার্ষিক প্রতিবেদন
উপস্থাপন অনুষ্ঠান ও সেমিনারে প্রধান
অতিথি হিসেবে যোগ দিতেই তিনি এখানে
আসছেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন
ডাইস চ্যান্সেলর প্রফেসর মুস্তাফিজুর রহমান
এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত
থাকবেন জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী
এ. কে. এম মোশাররফ হোসেন এবং
স্থানীয় সংসদ সদস্য দেলোয়ার হোসেন
খান দুলু। এ নিয়ে ক্যাম্পাসে সাজ সাজ রব
পড়ে গেছে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ,
বিডিআর ও নিরাপত্তাকর্মী মোতায়েন করা
হয়েছে।